

## স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## তাশাহহুদের গুরুত্ব

নবী মুবাশ্শির (ﷺ) প্রত্যেক দুই রাকআতে 'তাহিয়্যাহ্' (তাশাহহুদ) পাঠ করতেন। (মুসলিম, সহীহ ৪৯৮, আহমাদ, মুসনাদ) বৈঠকের শুরুতেই তিনি বলতেন, "আত্ তাহিয়ায়-তু লিল্লা-হি---।" (বায়হাকী, সিফাতু স্বালাতিন নাবী (ﷺ), আলবানী ১৬০পূ:) দুই রাকআত পড়ে 'তাশাহহুদ' পাঠ করতে ভুলে গেলে তিনি তার জন্য ভুলের সিজদাহ করতেন। (বুখারী, মুসলিম, ইরওয়াউল গালীল, আলবানী ৩৩৮ নং)

তিনি তাশাহহুদ পড়তে আদেশও করতেন। বলতেন, "যখন তোমরা প্রত্যেক দুই রাকআতে বসবে তখন 'আত্তাহিয়্যাতু---' বল। অতঃপর তোমাদের প্রত্যেকের পছন্দমত দুআ বেছে নিয়ে আল্লাহ আযযা অজাল্লার নিকট প্রার্থনা করা উচিৎ।" (সহিহ,নাসাঈ, সুনান ১১১৪ নং, আহমাদ, মুসনাদ, ত্বাবারানীরানী, মু'জাম কাবীর) এই তাশাহহুদ পড়তে তিনি নামায ভুলকারী সাহাবীকেও আদেশ করেছিলেন।

তাছাড়া তিনি সাহাবাগণকে 'তাশাহহুদ' শিখাতেন, যেমন কুরআনের সূরা শিক্ষা দিতেন। (বুখারী, মুসলিম, সহীহ ৪০৩নং) তাশাহহুদ নিঃশব্দে পড়া সুন্নত। (আবূদাউদ, সুনান,হাকেম, মুস্তাদরাক, মিশকাত ৯১৮নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2909

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন